কেবলমাত্র সরকারী কাজে ব্যবহারের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

নৌপরিবহন মন্ত্রণালয়ের কার্যবন্টন

২০২৪ খ্রিস্টাব্দ

খ. ১. পদের নাম : অতিরিক্ত সচিব (প্রশাসন)

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) কখনও কখনও মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব - এর প্রতিনিধিত্ব করণ;

(ii) মন্ত্রণালয়ের প্রশাসন উইং প্রধানের রেগুলেটরী ও প্রশাসনিক কার্যাদি;

৩. নিয়ন্ত্রণকারী পদের নাম : সিনিয়র সচিব/সচিব

৪. নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট)

(ii) যুগ্মসচিব (নৌশিক্ষা ও সুশাসন)

(iii) উপসচিব/সিসস (প্রশাসন-১)

(iv) উপসচিব/সিসস (সংসদ ও সমন্বয়)

(v) উপসচিব/সিসস (নৌশিক্ষা)

(vi) উপসচিব/সিসস (বাজেট)

(vii) সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট

(viii) সিসস/সস (প্রশাসন-২)

(ix) হিসাবরক্ষণ কর্মকর্তা

ক. ১. পদের নাম : **সিনিয়র সচিব/সচিব**

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের একাউন্টিং প্রধানের দায়িত্ব পালন;

(ii) মন্ত্রণালয়ের সকল উইং এর রেগুলেটরী ও প্রশাসনিক কার্যাদি;

(iii) মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা এর রেগুলেটরী ও প্রশাসনিক কার্যাদি;

৩. নিয়ন্ত্রণাধীন বিষয়/ক্ষেত্র : (i) মন্ত্রণালয়ের সকল উইং

(ii) মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা

ঘ. ১. পদের নাম : অতিরিক্ত সচিব (বন্দর)

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) কখনও কখনও মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব -এর প্রতিনিধিত্ব করণ;

(ii) মন্ত্রণালয়ের বন্দর উইং প্রধানের রেগুলেটরী ও প্রশাসনিক কার্যাদি;

৩. নিয়ন্ত্রণকারী পদের নাম : সিনিয়র সচিব/সচিব

৪. নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) যুগ্মসচিব (চবক ও বাস্থবক)

(ii) যুগ্মসচিব (মোবক ও পাবক)

(iii) উপসচিব/সিসস (চবক)

(iv) উপসচিব/সিসস (মোবক)

(v) উপসচিব/সিসস (পাবক)

(vi) উপসচিব/সিসস (বাস্থবক)

গ. ১. পদের নাম : **অতিরিক্ত সচিব (উন্নয়ন)**

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) কখনও কখনও মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব - এর প্রতিনিধিত্ব করণ;

(ii) মন্ত্রণালয়ের উন্নয়ন উইং প্রধানের রেগুলেটরী ও প্রশাসনিক কার্যাদি;

৩. নিয়ন্ত্রণকারী পদের নাম : সিনিয়র সচিব/সচিব

৪. নিয়ন্ত্রণাধীন পদের নাম :

(i) যুগ্মসচিব (উন্নয়ন)

(ii) যুগ্মসচিব (পরিকল্পনা)

(iii) যুগ্মসচিব (পিপিপি ও ব্লু ইকোনমি)

(iv) উপসচিব/সিসস (উন্নয়ন-১)

(v) উপসচিব/সিসস (উন্নয়ন-২)

(vi) উপসচিব/সিসস (উন্নয়ন-৩)

(vii) উপসচিব/সিসস (পরিকল্পনা-১)

(viii) উপসচিব/সিসস (পরিকল্পনা-২)

(ix) উপসচিব/সিসস (পরিকল্পনা-৩)

(x) উপসচিব/সিসস (সুশাসন)

চ. ১. পদের নাম : অতিরিক্ত সচিব (সংস্থা-২)

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) কখনও কখনও মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব - এর প্রতিনিধিত্ব করণ;

(ii) মন্ত্রণালয়ের সংস্থা-২ উইং প্রধানের রেগুলেটরী ও প্রশাসনিক কার্যাদি;

৩. নিয়ন্ত্রণকারী পদের নাম : সিনিয়র সচিব/সচিব

৪. নিয়ন্ত্রণাধীন পদের নাম :
(i) যুগ্মসচিব (আইন ও অডিট)

(ii) যুগ্মসচিব (টিসি ও বিএসসি)

(iii) উপসচিব/সিসস (আইন)

(iv) উপসচিব/সিসস (অডিট)

(v) উপসচিব/সিসস (বিএসসি)

(vi) উপসচিব/সিসস (টিসি)

৬. ১. পদের নাম : **অতিরিক্ত সচিব (সংস্থা-১)**

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) কখনও কখনও মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব - এর প্রতিনিধিত্ব করণ;

(ii) মন্ত্রণালয়ের সংস্থা-১ উইং প্রধানের রেগুলেটরী ও প্রশাসনিক কার্যাদি;

৩. নিয়ন্ত্রণকারী পদের নাম : সিনিয়র সচিব/সচিব

৪. নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) যুগ্মসচিব (জাহাজ ও আই ও)

(ii) যুগ্মসচিব (টিএ)

(iii) উপসচিব/সিসস (টিএ)

(iv) উপসচিব/সিসস (জাহাজ)

(v) উপসচিব/সিসস (আই ও)

-২৬৬-

জ. ১. পদের নাম : যুগ্মসচিব (নৌশিক্ষা ও সুশাসন)

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের বাজেট ও সুশাসন শাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;
(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (প্রশাসন)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) উপসচিব/সিসস (নৌশিক্ষা)

(ii) উপসচিব/সিসস (সুশাসন)

ছ. ১. পদের নাম : যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট)

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের প্রশাসন-১ এবং ২, নৌশিক্ষা, আইসিটি, হিসাব শাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;

(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (প্রশাসন)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম :

(i) উপসচিব/সিসস (প্রশাসন-১)

(ii) উপসচিব/সিসস (সংসদ ও সমন্বয়)

(iii) উপসচিব/সিসস (বাজেট)

(iv) সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট

(v) সিসস/সস (প্রশাসন-২)

(vi) হিসাবরক্ষণ কর্মকর্তা

ঝ. ১. পদের নাম : যুগ্মসচিব (উন্নয়ন)

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের উন্নয়ন অধিশাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;

(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (উন্নয়ন)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম :
(i) উপসচিব/সিসস (উন্নয়ন-১)
(ii) উপসচিব/সিসস (উন্নয়ন-২)
(iii) উপসচিব/সিসস (উন্নয়ন-৩)
(iv) পিপিপি ও ব্লু ইকোনমি সেল

ঞ. ১. পদের নাম : যুগ্মসচিব (পরিকল্পনা)

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের পরিকল্পনা অধিশাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;

(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (উন্নয়ন)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) উপসচিব/সিসস (পরিকল্পনা-১)

(ii) উপসচিব/সিসস (পরিকল্পনা-২)

(iii) উপসচিব/সিসস (পরিকল্পনা-৩)

ট. ১. পদের নাম : **যুগ্মসচিব (চবক ও বাস্থবক)**

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের চবক, বাস্থবক শাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;

(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (বন্দর)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) উপসচিব/সিসস (চবক)

(ii) উপসচিব/সিসস (বাস্তবক)

ঠ. **১. পদের নাম** : **যুগ্মসচিব (মোবক ও পাবক)**

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের মোবক ও পাবক শাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;

(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (বন্দর)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) উপসচিব/সিসস (মোবক)

(ii) উপসচিব/সিসস (পাবক)

ড. **১. পদের নাম** : **যুগ্মসচিব (টিএ)**

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের টিএ শাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;

(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (সংস্থা- ১)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) উপসচিব/সিসস (টিএ)

২২৭-

ঢ. **১. পদের নাম** : **যুগ্মসচিব (জাহাজ ও আই ও)**

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের জাহাজ ও আইও শাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;

(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (সংস্থা- ১)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) উপসচিব/সিসস (জাহাজ)

(ii) উপসচিব/সিসস (আইও)

৫

গ. ১. পদের নাম : **যুগ্মসচিব (টিসি ও বিএসসি)**

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের টিসি ও বিএসসি শাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;

(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (সংস্থা- ২)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) উপসচিব/সিসস (টিসি)

(ii) উপসচিব/সিসস (বিএসসি)

গ. ১. পদের নাম : যুগ্মসচিব (আইন ও অডিট)

২. পদের কার্যপরিধি
(Job Description) :

(i) মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখার প্রশাসনিক ও রেগুলেটরী বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান ও সম্পাদন;

(ii) মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ;

৩. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী পদের নাম : অতিরিক্ত সচিব (সংস্থা- ২)

৪. সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণাধীন পদের নাম : (i) উপসচিব/সিসস (অডিট)

(ii) উপসচিব/সিসস (আইন)

প্রশাসন শাখা - ১

পদের নাম: উপসচিব/সিনিয়র সহকারী সচিব

পদে কার্যপরিধি (Job Description):

১। মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক ও প্রশাসনিক সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সম্পর্কিত বিষয়াদি;

২। মন্ত্রণালয়ের ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাগণের (যোগদান/অবমুক্তি/অব্যাহতি/ সকল ছুটি/গৃহ নির্মাণ/ফ্ল্যাট ক্রয় ঋণ) সংক্রান্ত কার্যক্রম;

৩। মন্ত্রণালয়ের ১০ম-২০তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারিগণের (নিয়োগ/ পদায়ন/যোগদান/পদোন্নতি) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৪। মন্ত্রণালয়ের ১০ম-২০তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারিগণের (সিলেকশন গ্রেড/ টাইমস্কেল/ইনক্রিমেন্ট প্রদান) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৫। মন্ত্রণালয়ের ১০ম-২০তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারিগণের সকল ধরনের ছুটি মঞ্জুরির যাবতীয় কার্যক্রম;

৬। মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা সমূহের সংস্থা প্রধান/সদস্যসহ (গ্রেড ৩য় এবং তদুর্দ্ধ পর্যায়ের সকল কর্মকর্তাদের) সংস্থাপন সংক্রান্ত (পদায়ন/যোগদান/পদোন্নতি/অবমুক্তি/অব্যহতি/ছুটি/সিলেকশন গ্রেড/টাইমস্কেল/ইনক্রিমেন্ট প্রদান) সংক্রান্ত কার্যক্রম;

৭। মন্ত্রণালয়ের নিজস্ব (ক্যাডার/নন-ক্যাডার) কর্মকর্তা/কর্মচারীদের স্থায়ী-অস্থায়ী পদ সৃজন, সংরক্ষণ, অর্গানোগ্রাম তৈরি ও হালনাগাদ করণ সংক্রান্ত কার্যক্রম;

৮। মন্ত্রণালয়ের নিজস্ব কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরী বহি ও বার্ষিক গোপনীয় অনুবেদন সংরক্ষণ এতদ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৯। মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার (ক্যাডার কর্মকর্তাগণের) এবং মন্ত্রণালয়ের নিজস্ব কর্মকর্তা/কর্মচারীদের পেনশন/আনুতোষিক প্রদানসহ বিভিন্ন ধরনের অগ্রিম উত্তোলন বিষয়ক কার্যক্রম;

১০। মন্ত্রণালয়ের সকল পর্যায়ের এবং অধীনস্থ দপ্তর/সংস্থার (৩য় এবং তদূর্ধ্ব গ্রেডের) কর্মকর্তাগণের বিরুদ্ধে বিভাগীয় মামলার কার্যক্রম সম্পর্কিত বিষয়াদি;

১১। মন্ত্রণালয়ের নিজস্ব সহায়ক কর্মকর্তা/কর্মচারীদের বিদেশে চাকুরী/নিয়োগ বিষয়ক লিয়েন মঞ্জুরীকরণ সংক্রান্ত বিষয়াদি;

১২। মন্ত্রণালয়ের ১০ম-২০তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারিগণের জিপিএফ হতে অগ্রিম গ্রহণের যাবতীয় কার্যক্রম;

১৩। সরকার কর্তৃক চুক্তিতে নিয়োজিত কর্মকর্তা সম্পর্কিত কার্যক্রম;

১৪। ছুটিকালীন কর্মকর্তা/কর্মচারির তালিকাপ্রস্তুত এবং বিভিন্ন ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন সম্পর্কিত কার্যক্রম;

১৫। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের কল্যাণ সংক্রান্ত বিষয়াদি;

১৬। গ্রহণ ও বিতরণ শাখার যাবতীয় কার্যক্রম;

১৭। প্রশাসনিক সংস্কার সংক্রান্ত কার্যক্রম;

১৮। জাতীয় ও স্থানীয় নির্বাচন এবং দাপ্তরিক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম;

১৯। বিবিধ

সংসদ ও সমন্বয় শাখা

পদের নাম: উপসচিব/সিনিয়র সহকারী সচিব

পদে কার্যপরিধি (Job Description):

০১। জাতীয় সংসদ বিষয়ক (কাউন্সিল অফিসার নিয়োগ/অবসান, প্রশ্ন-উত্তর, বিভিন্ন কমিটির কার্যপত্র প্রণয়ন, তথ্য সংগ্রহ ও সমন্বয়করণ, মাননীয় প্রধানমন্ত্রীর প্রশ্ন-উত্তর, নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির/সরকারি প্রতিশ্রুতি কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত) বিভিন্ন কার্যক্রম;

০২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক চাহিত তথ্য সংগ্রহ ও সমন্বিতকরণ/প্রতিবেদন প্রস্তুতকরণ ও প্রেরণের ব্যবস্থা গ্রহণ;

০৩। প্রধানমন্ত্রীর কার্যালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর কর্তৃক চাহিত তথ্য সংগ্রহ ও সমন্বিতকরণ/প্রতিবেদন প্রস্তুতকরণ ও প্রেরণের ব্যবস্থা গ্রহণ;

০৪। মন্ত্রণালয়ের সমন্বয় সভা আয়োজন সম্পর্কিত বিষয়াদি;

০৫। মন্ত্রণালয়ের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক, বার্ষিকসহ বিভিন্ন ধরণের প্রতিবেদন প্রণয়ন ও দাখিল সম্পর্কিত বিষয়াদি;

০৬। উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলি;

০৭। বিবিধ বিষয়াদি।

বাজেট শাখা

পদের নাম: উপসচিব/সিনিয়র সহকারী সচিব

পদে কার্যপরিধি (Job Description):

১। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন;

২। মন্ত্রণালয়ের বাজেট সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী নীতি ও পরিকল্পনা প্রণয়ন ও হালনাগাদকরণ;

৩। সচিবালয় ও দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ করা;

৪। অর্থ বিভাগ কর্তৃক বাজেটে আয় ও ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করার পর সে অনুযায়ী দপ্তর/সংস্থার মধ্যে অর্থ বিভাজন করা;

৫। অর্থ বিভাগ কর্তৃক প্রণীত মধ্যমেয়াদী বাজেট (পরিপত্র-১) ও (পরিপত্র-২) এর নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা;

৬। অর্থ বিভাগের লক্ষ্যমাত্রা অনুযায়ী মন্ত্রণালয় ও সংস্থাসমূহের রাজস্ব আয়, অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরী করা এবং তা আইবাসের মাধ্যমে এন্ট্রি করা;

৭। মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি বাজেট কাঠামো (এমটিবিএফ) হালনাগাদকরণ ও সংশোধনকরণ;

৮। অর্থ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশনা এবং ছক অনুযায়ী (প্রতি ৩মাস পর পর) সকল সংস্থার বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আইবাসে এন্ট্রি করার পর প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করা;

৯। প্রয়োজনীয়তার নিরিখে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার বরাদ্দকৃত অর্থ পুনঃউপযোজন করা;

১০। বাজেটে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) কর্তৃক তা পরীক্ষা নিরীক্ষা পূর্বক অর্থ বিভাগে প্রেরণ করা;

১১। আন্তর্জাতিক নৌসংস্থার (আইএমও/আইওএমওইউ) বার্ষিক চাঁদা প্রদান করা;

১২। দপ্তর/সংস্থার চাহিদার আলোকে বছরে ৪ কিস্তিতে সমুদয় অর্থ ছাড় করা (সাহায্য মঞ্জুরী);

১৩। অর্থ বিভাগের চাহিদামতে মন্ত্রণালয় ও বিভিন্ন সংস্থার অর্থনৈতিক সমীক্ষা ও জেন্ডার বাজেট (বাংলা ও ইংরেজি) প্রস্তুত করে অর্থ বিভাগে প্রেরণ করা;

১৪। বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা;

১৫। বাজেট ব্যবস্থাপনা কমিটি এবং বাজেট ওয়ার্কিং গ্রুপকে বাজেট সংক্রান্ত যাবতীয় কার্যক্রমে সহায়তা প্রদান করা;

১৬। পরিচালন ব্যয়ের অর্থ ছাড় বাজেট শাখা থেকে সম্পন্ন করা হয়;

১৭। বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রস্তুতকরণ ও অগ্রগতি প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ;

১৮। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অগ্রিম ঋণ প্রদান;

১৯। উর্ধ্বতন কর্তৃপক্ষের অন্যান্য নির্দেশনা যথাসময়ে বাস্তবায়ন করা।

-২২-

প্রশাসন শাখা - ২ (সেবা ও স্টোর)

পদের নাম: উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব

পদে কার্যপরিধি (Job Description):

সেবা শাখা:

১। সরকার কর্তৃক ঘোষিত জাতীয় দিবসসহ সকল দিবস/অনুষ্ঠানের উদযাপন/বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম;

২। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাদের দাপ্তরিক ও আবাসিক টেলিফোন মঞ্জুরিসহ ক্রয়/মেরামত সংক্রান্ত কার্যক্রম;

৩। মন্ত্রণালয়ের ইন্টারনেট সংযোগসহ বিল পরিশোধ সংক্রান্ত কার্যক্রম;

৪। মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোতে গাড়ি অন্তর্ভূক্তকরণসহ গাড়ির সকল মেরামত ও রক্ষণাবেক্ষণ;

৫। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার গাড়ি প্রাধিকারভূক্ত কর্মকর্তাদের গাড়ির স্টিকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সচিবালয়ে প্রবেশের কার্যক্রম;

৬। মন্ত্রণালয়ের লাইব্রেরিতে বইপত্র সংরক্ষণসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পত্রিকা ও ম্যাগাজিন বিল পরিশোধ;

৭। মন্ত্রণালয়ের যাবতীয় বইপত্র ও সাময়িকি ক্রয়, তালিকাভূক্তিকরণ, বিল পরিশোধ কার্যক্রম;

৮। মন্ত্রণালয়ের ও দপ্তর/সংস্থা কর্তৃক নির্মিত টিভিসি ও সরকারের অন্যান্য গুরুত্বপূর্ণ অর্জন/সাফল্য প্রচারণা কার্যক্রম গ্রহণ;

৯। মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদনসহ অন্যান্য দাপ্তরিক পান্ডুলিপির প্রকাশনার যাবতীয় কার্যক্রম;

১০। মন্ত্রণালয়ের সকল গাড়ির গ্যাস ও জ্বালানী সংগ্রহ ও বিল মেরামত পরিশোধ সংক্রান্ত;

১১। মন্ত্রণালয়ের সভাকক্ষ, সিনিয়র সচিব/সচিব মহোদয়, মাননীয় মন্ত্রীর দপ্তরে অনুষ্ঠিত সভার আপ্যায়ন সংক্রান্ত;

১২। মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ অবকাঠামোর সকল মেরামত/রক্ষণাবেক্ষণ কার্যক্রম;

১৩। নৌপরিবহন মন্ত্রণালয়ের (৯ম তলার) পশ্চিম ও পূর্ব পাশে অবস্থিত জেনারেল ওয়াশরুমের পরিষ্কার/ পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ।

স্টোর শাখা:

১। মন্ত্রণালয়ের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা;

২। মন্ত্রণালয়ের বিভিন্ন মনিহারী, ষ্টেশনারী. ক্রোকারিজ, যন্ত্রপাতি, ইলেকট্রনিক্স, আসবাবপত্র , মুদ্রণ সংক্রান্ত ইত্যাদি মালামাল ক্রয়/সরবরাহের লক্ষ্যে পত্রিকায় দরপত্র বিজ্ঞাপন প্রকাশ করা;

৩। উক্ত মালামাল ক্রায়/সরবরাহের লক্ষ্যে উন্মুক্তকরন কমিটি, মূল্যায়ণ কমিটি, বাজার মুল্য নির্ধারণ কমিটি, রিসিভিং কমিটি গঠন করা;

৪। দরপত্র উন্মুক্তকরণ প্রস্তুতকরণ;

৫। দরপত্র উন্মুক্তকরণ, মুল্যায়ন কমিটির সভার কার্যক্রম.প্রস্তুতকরণ;

৬। মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী চুক্তি (NOA) প্রদান করা;

৭। চুক্তিবদ্ধ ঠিকাদারকে চাহিদা মোতাবেক কার্যাদেশ প্রদান করা;

৮। চুক্তিবদ্ধ ঠিকাদার কর্তৃক মালামাল প্রদান করলে রিসিভিং কমিটি কর্তৃক মালামাল সঠিকভাবে বুঝে নেয়া;
৯। মালামাল বুঝে নেয়ার পর স্টক রেজিষ্টারে এন্ট্রিপূর্বক চাহিদা মোতাবেক শাখা/অধিশাখায় বিতরণ করা;
১০। বিভিন্ন দপ্তর/শাখা/অধিশাখা চাহিদার ভিত্তিতে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এসি ইত্যাদি যন্ত্রাংশ মেরামতের ব্যবস্থা গ্রহণ করা;
১১। দেশি, বিদেশী/ বিভিন্ন অতিথিদের আগমন উপলক্ষ্যে তাৎক্ষণিক চাহিদার ভিত্তিতে গিফট বক্স, ফুল ইত্যাদি সামগ্রী ক্রয়পূর্বক সরবরাহের ব্যবস্থা করা;
১২। প্রতিটি মালামাল এবং সরাসরি রেজিষ্ট্রারে এন্ট্রিপূর্বক মালামাল বিতরণের ব্যবস্থা করা;
১৩। মন্ত্রণালয় হতে পুরাতন আসবাবপত্র/মালামাল স্টোরে সংরক্ষণ করা;
১৪। পুরাতন আসবাবপত্র, যন্ত্রপাতি, অকেজো ঘোষণাপূর্বক নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা করা;
১৫। চাহিদার ভিত্তিতে ফ্রেমওয়ার্ক, উন্মুক্তকরণ, দরপত্র, কোটেশন, সরাসরি পদ্ধতিতে বিভিন্ন প্রয়োজনীয় মালামাল ক্রয়পূর্বক বিল পরিশোধের ব্যবস্থা করা;
১৬। উর্দ্ধতন কর্তৃপক্ষের আদিষ্ট কার্যাদি।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শাখা

পদের নাম: সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার

পদে কার্যপরিধি (Job Description):

সিস্টেম এনালিষ্ট:

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে বিভিন্ন ধরনের ডিজিটাল সার্ভিস প্রবর্তন ও বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় সিস্টেম এনালাইসিস ও ডিজাইন বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও তদারকিকরণ;

২. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য বাৎসরিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে উদ্যোগ গ্রহণ ও তদারকিকরণ;

৩. জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালার আওতায় গৃহীত Action Plan বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সমন্বয়করণ;

৪. স্মার্ট বাংলাদেশ কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত উদ্যোগসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও সহায়তা প্রদান;

৫. ই-গভর্নেন্স, ই-সেবা ও কাগজবিহীন অফিস ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে মন্ত্রণালয় এবং কেন্দ্রিয়ভাবে সরকার কর্তৃক গৃহীত ডিজিটাল সার্ভিস সমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কর্মকৌশল নির্ধারণপূর্বক যথাযথভাবে বাস্তবায়ন তদারকিকরণ;

৬. কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বিদ্যমান কাস্টমাইজড সফট্ওয়্যারসমূহের ক্রমাগত উন্নয়নে Business Process Re-Engineering এর কাজে সহায়তা প্রদান প্রদান;

৭. মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবপোর্টাল/ই-নথি কার্যক্রম বাস্তবায়ন তদারকিকরণ;

৮. আইসিটি শাখার সফটওয়্যার/হার্ডওয়্যার সংক্রান্ত অন্যান্য কার্যক্রমসমূহ তদারকিকরণ;

৯. প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর কাজের মূল্যায়ন, তত্ত্বাবধায়ন ও নিয়ন্ত্রণ;

১০. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের সকল ধরনের ক্রয়কৃত যন্ত্রপাতির মান সম্পর্কে নিশ্চয়তা প্রদান;

১১. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে কোন দায়িত্ব পালন করা।

প্রোগ্রামার:

১. সিস্টেম এনালিস্টের তত্ত্বাবধানে এবং নির্দেশনায় দায়িত্ব পালন করা;

২. মন্ত্রণালয়ের ওয়েবসাইট/ফেইসবুক পেইজ/ইউটিউব চ্যানেল রক্ষণাবেক্ষণ, তথ্য হালনাগাদকরণ ও নিয়মিত ব্যাক-আপ গ্রহণ নিশ্চিতকরণসহ সংশ্লিষ্ট কারিগরি কাজ;

৩. মন্ত্রণালয়ের ইন্টারনেট/ল্যান সচল রাখাসহ সকল ইউজারের নিরবিচ্ছিন্ন ইন্টারনেট/ওয়াইফাই সেবা নিশ্চিতকরণ;

৪. কেন্দ্রিয়ভাবে বাস্তবায়িত বিভিন্ন সফটওয়্যারসহ (ডি-নথি, ই-জিপি, দাপ্তরিক ই-মেইল, জিআরএস, এপিএ ইত্যাদি) মন্ত্রণালয়ের নিজস্ব ব্যবস্থায় প্রণীত সকল সফটওয়্যার রক্ষণাবেক্ষণ, হালনাগাদকরণ এবং বাস্তবায়নে ব্যবহারকারীদের প্রয়োজনীয় সহায়তা প্রদান;

৫. প্রোগ্রাম প্রনয়ন ও বাস্তবায়িত বিভিন্ন সফট্ওয়্যারের সোর্স কোডসহ ডাটাবেইজ রক্ষণাবেক্ষন এবং নিয়মিত ব্যাক-আপ গ্রহণ নিশ্চিতকরণ;

৬. ব্যবহার অনুপযোগী সকল আইসিটি-সংশ্লিষ্ট যন্ত্রপাতির প্রতিবেদন প্রণয়ন ও নিষ্পত্তিকরণ এবং হার্ডওয়্যার যন্ত্রপাতি যথাযথভাবে ভেন্ডরের নিকট হতে বুঝে নেয়া;

৭. নেটওয়ার্কের নিরাপত্তা নিশ্চিতকরণসহ আইসিটি যন্ত্রপাতি সচল রাখতে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান এবং সকল হার্ডওয়্যার যন্ত্রপাতি ক্রয়ের লক্ষ্যে স্পেসিফিকেশন প্রস্তুতকরণে সহায়তা প্রদান;

৮. সংশ্লিষ্ট দাপ্তরিক পত্রাদি উপস্থাপন/প্রতিবেদন তৈরি ইত্যাদি কার্যক্রম;

৯. কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে কোন দায়িত্ব পালন করা।

সহকারী প্রোগ্রামার:

১. সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার এর তত্ত্বাবধানে এবং নির্দেশনায় দায়িত্ব পালন করা;

২. মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ভার্চুয়াল মাধ্যমসহ সকল ধরণের সভা/সেমিনার/প্রশিক্ষণে কারিগরি সহায়তা প্রদান এবং সভাকক্ষের ডিজিটাল যন্ত্রপাতি সচল রাখতে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ কার্যক্রম;

৩. প্রোগ্রাম প্রণয়ন/কাস্টমাইজেশন, সফটওয়্যারের TOR/Specification প্রস্তুতকরণ, TOR/Specification অনুযায়ী ভেন্ডরের নিকট হতে বুঝে নেয়া এবং বিভিন্ন সফটওয়্যারসমূহ বাস্তবায়নে মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

৪. আইসিটি যন্ত্রপাতি (কম্পিউটার/প্রিন্টার/স্ক্যানার/রাউটার/নেটওয়ার্ক ইত্যাদি) সচল রাখতে প্রয়োজনীয় প্রোগ্রাম/উইন্ডোজ/সফটওয়্যার ইনস্টলেশন/কাস্টমাইজেশন, এন্টি-ভাইরাস সফট্ওয়্যারের কার্যকারিতা পরীক্ষাকরণ এবং প্রয়োজনীয় ট্রাবলস্যুটিং নিশ্চিতকরণ;

৫. চাহিদা অনুযায়ী ডিজিটাল ব্যানার প্রস্তুত/প্রদর্শন ও পাওয়ার পয়েন্ট উপস্থাপন কাজে সহায়তা প্রদান;

৬. ই-গভর্ন্যান্স/ইনোভেশন/সফটওয়্যার উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে সাচিবিক সহায়তা প্রদান এবং এটুআই, মন্ত্রিপরিষদ বিভাগ, আইসিটি বিভাগ ও অন্যান্য দপ্তর হতে প্রাপ্ত সংশ্লিষ্ট পত্রাদি উপস্থাপন/প্রতিবেদন তৈরিসহ এ সংক্রান্ত কার্যক্রমে আইসিটি সেলের ডেস্ক অফিসার হিসেবে দায়িত্ব পালন;

৭. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে কোন দায়িত্ব পালন করা।

সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার:

১. সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার এর তত্ত্বাবধানে এবং নির্দেশনায় দায়িত্ব পালন করা;

২. আইসিটি হার্ডওয়্যার যন্ত্রপাতি যেমন কম্পিউটার, মনিটর, প্রিন্টার, স্ক্যানার, নেটওয়ার্ক সুইচ, সার্ভার, রাউটার, LAN, ওয়াইফাই, ইউপিএস, আইপিএস, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ভিডিও কনফারেন্সিং সিস্টেম ইত্যাদি যন্ত্রাংশ রক্ষণাবেক্ষণ ও হার্ডওয়্যার সংশ্লিষ্ট ত্রুটি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে আইসিটি সেলের ডেস্ক অফিসার হিসাবে দায়িত্ব পালন;

৩. আইসিটি হার্ডওয়্যার ও নেটওয়ার্ক সংক্রান্ত যন্ত্রপাতি সংগ্রহ, বিতরণ, অকেজো ঘোষণাকরণ এবং আইসিটি-সংক্রান্ত যন্ত্রপাতির টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রস্তুতকরণ;
৪. হার্ডওয়্যার ও নেটওয়ার্ক সংশ্লিষ্ট যন্ত্রাংশের ডাটাবেইজ, কর্মপরিকল্পনা প্রণয়ন এবং হার্ডওয়্যার ও নেটওয়ার্ক সংশ্লিষ্ট প্রাপ্ত পত্রাদি নথিতে উপস্থাপন;
৫. হার্ডওয়্যার ডিভাইসের মাধ্যমে ভিডিও কনফারেন্স আয়োজনে প্রয়োজন অনুযায়ী সহায়তা প্রদান;
৬. আইসিটি শাখার কম্পিউটার অপারেটর-১ এর সহায়তায় হার্ডওয়্যার এবং ইন্টারনেট যন্ত্রাংশের মেরামত/ট্রাবলস্যুটিং নিশ্চিতকরণ;
৭. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে কোন দায়িত্ব পালন করা।

হিসাব শাখা

২৮-

পদের নাম: হিসাবরক্ষণ কর্মকর্তা

পদে কার্যপরিধি (Job Description):

১। এ মন্ত্রণালয়ের আয়ন-ব্যয়ন কর্মকর্তা (ডিডিও) এর কার্যাবলী;

২। অনুমোদনক্রমে মন্ত্রণালয়ের নিজস্ব পরিচালন বাজেটের খাত হতে অর্থ উত্তোলন করা, ব্যয় ভাউচার তৈরি করা, সরকারি কর কর্তন করা এবং ব্যয় সমন্বয় করা;

৩। মন্ত্রণালয়ের নিজস্ব পরিচালনা বাজেটের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করা;

৪। সরকারী আইন, বিধি, অধ্যাদেশ ইত্যাদি অনুসরণপূর্ব মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের মাসিক বেতন বিল, উৎসব ভাতা, শ্রান্তি বিনোদন ভাতা, দায়িত্ব ভাতা, ভ্রমণ ভাতা বিল, টেলিফোন বিল এবং আনুষঙ্গিক খরচের বিল প্রস্তুতকরণ, সিএও অফিসে প্রেরণ, চেক সংগ্রহ ও যথাযথভাবে পরিশোধের ব্যবস্থাকরণ;

৫। নন-গেজেটেড কর্মচারীগণের ছুটির হিসাব তৈরী, প্রতিবেদন প্রস্তুতকরণ, সংশ্লিষ্ট কর্মচারীগণের চাকুরী বহিতে লিপিবদ্ধকরণ;

৬। কর্মকর্তা ও কর্মচারীগণের বার্ষিক বেতন বৃদ্ধি, ভ্রমণ ভাতা, অতিরিক্ত দায়িত্ব ভাতা, না-দাবী সংক্রান্ত বিষয়ে নথিতে মতামত প্রদান, মঞ্জুরী জ্ঞাপনে প্রশাসনিক শাখাকে সহায়তা প্রদান এবং নন-গেজেটেড কর্মচারীগণের সার্ভিস বহিতে প্রয়োজনীয় বিষয়ের এন্ট্রিকরণ;

৭। সময়ে সময়ে সরকার কর্তৃক প্রদত্ত জাতীয় বেতন স্কেল, মহার্ঘ্য ভাতা, টাইম স্কেল, সিলেকশন গ্রেড প্রদান, পদোন্নতি ইত্যাদি বিষয়ের বেতন নির্ধারণ এবং সিএও অফিসে প্রেরণপূর্বক ফিক্সেশন সংগ্রহপূর্বক বকেয়া বেতন ও ভাতাদির বিল প্রস্তুতকরণ;

৮। মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় মন্ত্রণালয়ের বাজেট প্রণয়নে বাজেট শাখাকে সহায়তা প্রদান;

৯। মন্ত্রণালয়ের সকল ব্যয়ের ক্যাশ বহি ও সাপ্লিমেন্টারী ক্যাশ বহি লিখন ও সংরক্ষণ;

১০। মন্ত্রণালয়ের গেজেটেড এবং নন-গেজেটেড কর্মচারীগণের পেনশন নির্ধারণে সহায়তা প্রদান;

১১। মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শাখা হতে প্রাপ্ত অব্যয়িত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমাদানের ব্যবস্থাকরণ;

১২। মন্ত্রণালয়ের যাবতীয় ব্যয়ের ভাউচার সংরক্ষণ, রাজস্ব অডিট দলের নিকট উপস্থাপন এবং অডিট কার্যক্রম;

১৩। মন্ত্রণালয়ের নন-গেজেটেড কর্মচারীগণের অনুকূলে মাসিক বেতন বিলসহ অন্যান্য প্রাপ্য সকল বিল পরিশোধের নিমিত্ত চেক ইস্যুকরণ, চেক বহি সংরক্ষণ ও প্রয়োজনীয় রেজিষ্টারে এন্ট্রিকরণ;

১৪। মন্ত্রণালয়ের সাথে সিএও অফিসের যাবতীয় ব্যয়ের সঙ্গতি (Reconciliation) করা;

১৫। মন্ত্রণালয়ের আওতায় অনুষ্ঠিত প্রয়োজনীয় বিভিন্ন সভা/সেমিনার/সিম্পোজিয়ামে অংশগ্রহণ;

১৬। মন্ত্রণালয়ের সাথে সিএও অফিসের সমন্বয়সাধন ও যোগাযোগ রক্ষাকরণ।

১৭। উর্ধ্বতন কর্তৃপক্ষের অন্যান্য নির্দেশনা যথাসময়ে বাস্তবায়ন করা।

পদের নাম: উপসচিব/সিনিয়র সহকারী সচিব

পদে কার্যপরিধি (Job Description):

১। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারী এবং মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাদের স্বদেশ ও বিদেশ প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম, বিদেশে উচ্চশিক্ষা, সকল সরকারি সফর প্রভৃতিতে অংশগ্রহণের অনুমতি সংক্রান্ত বিষয়াদি;

২। বৈদেশিক নিয়োগ/চাকুরী/প্রশিক্ষণের বিজ্ঞপ্তি দপ্তর সংস্থায় বিতরণ;

৩। মন্ত্রণালয়ের আওতাধীন মেরিন একাডেমিসমূহ ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট এর ১১তম-২০তম গ্রেডের পদে নিয়োগ, বদলী ও ৪র্থ-২০তম গ্রেডের পদোন্নতি প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যাদি;

৪। মন্ত্রণালয়ের আওতাধীন মেরিন একাডেমিসমূহ ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট এর কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন সংরক্ষণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৫। মন্ত্রণালয়ের আওতাধীন মেরিন একাডেমি সমূহ ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট সমূহের কর্মকর্তাগণের দুর্নীতির অভিযোগ তদন্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৬। মন্ত্রণালয়ের আওতাধীন মেরিন একাডেমি ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট এর যাবতীয় প্রশাসনিক কার্যক্রম;

৭। মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন;

৮। মন্ত্রণালয়ের আওতাধীন মেরিন একাডেমি সমূহের ক্যাডেট ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৯। মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট সমূহের নাবিক (রেটিং) ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

১০। মন্ত্রণালয়ের আওতাধীন মেরিন একাডেমি ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট এর আর্থিক ও প্রশাসিক বিষয়াদি;

১১। মন্ত্রণালয়ের আওতাধীন মেরিন একাডেমি ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট এর পদ সৃজন, পদের মেয়াদ সংরক্ষণ;

১২। মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন নীতিমালা প্রণয়ন;

১৩। মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ মেরিন একাডেমি সমূহের নিয়োগ বিধি প্রণয়ন;

১৪। মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট সমূহের নিয়োগবিধি প্রণয়ন;

১৫। মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রতিষ্ঠান স্থাপনের প্রশাসনিক অনুমোদন;

১৬। মন্ত্রণালয়ের ইন্টার্নশীপ সংক্রান্ত সকল কার্যক্রম;

১৭। Small Island developing states (SIDS) এবং Least Developed countries (LCDs) দেশসমূহের ১০ জন ক্যাডেটকে বাংলাদেশ মেরিন একাডেমিসমূহে অধ্যায়নের নিমিত্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম;

১৮। বাংলাদেশ মেরিন একাডেমি - চট্টগ্রাম,পাবনা, বরিশাল, সিলেট এবং রংপুর এ সমন্বিত নিয়োগ কার্যক্রম;

১৬। বিবিধ।

সুশাসন অধিশাখা

পদের নাম: উপসচিব/সিনিয়র সহকারী সচিব

পদে কার্যপরিধি (Job Description):

১. মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম সমন্বয় সাধন;

২. সকল দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সার্বিক কার্যক্রমের সমন্বয় সাধন;

৩. মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৪. তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম বাস্তবায়নে সমন্বয় সাধন;

৫. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা;

৬. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ও উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনা সম্পর্কিত সকাল কার্যক্রম মনিটরিং করা;

৭. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং সংশ্লিষ্ট সফটওয়্যারে আপলোড করা;

৮. সকল দপ্তর/সংস্থার ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ও উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনা সম্পর্কিত কার্যক্রম মূল্যায়ন;

৯. সকল দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ও উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনা সম্পর্কিত ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক ফিডব্যাক সভার আয়োজন;

১০. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব বাস্তবায়ন করা।

-২৭৬-

উন্নয়ন-১ অধিশাখা

পদের নাম: উপসচিব/সিনিয়র সহকারী সচিব

পদে কার্যপরিধি (Job Description):

১. চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ ,পায়রা বন্দর কর্তৃপক্ষ এবং মাতারবাড়ি গভির সমুদ্র বন্দর-এর এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের প্রকল্পসমূহের বাস্তবায়ন ও অর্থ অবমুক্তকরণ সংক্রান্ত কার্যাদি;

২. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের বাজেট বিভাজন, জিও জারি ও অর্থ ছাড়করণ সংক্রান্ত কার্যাবলী;

৩. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের প্রকিউরমেন্ট কার্যক্রম সংক্রান্ত দর প্রস্তাব যাচাই বাছাইকরণ ও অনুমোদন সংক্রান্ত কার্যাবলী;

৪. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত কার্যাবলী;

৫. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যসম্পাদন;

৬. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন কাজ পরিদর্শন ও প্রকল্পসমূহের বাস্তবায়নের অগ্রগতি মনিটরিং;

৭. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের আওতায় দেশী/বিদেশী পরামর্শক নিয়োগ ও প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়াদি;

৮. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের পরামর্শক নিয়োগের প্রস্তাব যাচাই বাছাইকরণ ও অনুমোদন সংক্রান্ত কার্যাদি;

৯. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পসমূহের তদারকিকরণ এবং নির্ধারিত সময়ে উন্নয়ন প্রকল্পসমূহ সমাপ্ত করণে কার্যকরী ব্যবস্থা গ্রহণ;

১০. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহ দূরীকরণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ;

১১. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের বিভিন্ন কেপিআইতে গমনেচ্ছুক বিদেশী বিশেষজ্ঞগণের ভিসা/নিরাপত্তা/ রাজনৈতিক ছাড়পত্র/পরিদর্শন সংক্রান্ত কার্যাবলী;

১২. পিপিপি সংক্রান্ত সার্বিক কার্যাবলী সম্পাদন;

১৩. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের প্রকিউমেন্ট সংক্রান্ত বিভিন্ন অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত কার্যসম্পাদন;

১৪. এতদসংক্রান্ত বিবিধ কার্যাবলী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব।

২০২

উন্নয়ন-২ অধিশাখা

পদের নাম: উপসচিব/সিনিয়র সহকারী সচিব

পদে কার্যপরিধি (Job Description):

১. বিআইডাব্লিউটিএ, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, মেরিন একাডেমী সমূহ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউটসমূহ, এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের প্রকল্পসমূহের বাস্তবায়ন ও অর্থ অবমুক্তকরণ সংক্রান্ত কার্যাদি;

২. বর্ণিত সংস্থা/কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের বাজেট বিভাজন, জিও জারি ও অর্থ ছাড়করণ সংক্রান্ত কার্যাবলী;

